



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)



শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ বার কাউন্সিলের সাবেক ভাইস চেয়ারম্যান ও সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সভাপতি সিনিয়র আইনজীবী আবদুল বাসেত মজুমদার আজ বুধবার সকাল ৪টা ১৮ মিনিটে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

সিনিয়র আইনজীবী জনাব আবদুল বাসেত মজুমদার ১৯৩৮ সালের ১ জানুয়ারি কুমিল্লার লাকসাম উপজেলার শানিচৌঁ গ্রামে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ও এলএলবি ডিগ্রি অর্জন করেন। ১৯৬৭ সালের ৮ ফেব্রুয়ারি তিনি হাইকোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন।

তিনি আইন পেশার ৫৬ বছরে অত্যন্ত সততা ও নিষ্ঠার সাথে পেশাগত দায়িত্ব পালন করেছেন। আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানুষের ন্যায় বিচার নিশ্চিত তর অসামান্য অবদান রয়েছে। গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে তিনি আদালতকে সবসময় সহযোগিতা করেছেন। তিনি ছিলেন সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তি। দরিদ্র মানুষের আইনজীবী হিসেবে তিনি ব্যপকভাবে পরিচিত ছিলেন।

তাঁর এ অকাল মৃত্যু নিঃসন্দেহে বাংলাদেশের আইন অঙ্গনসহ সমগ্র জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি।

আমরা বলিষ্ঠ এই সিনিয়র আইনজীবীর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার এর প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে

এস এম রেজাউল করিম
আইন উপদেষ্টা/ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক